

আধুনিক ভাষা

তারিখ
পৃষ্ঠা ১০ ... কলাম ... ৬...

ঢাকা বিশ্ববিদ্যালয়ের আধুনিক ভাষা ইনস্টিটিউটে দেশী-বিদেশী ভাষা শিক্ষার বিভিন্ন কোর্স করার সুযোগ রয়েছে। এখানে ২০০২-২০০৩ শিক্ষাবর্ষে দেশী-বিদেশী বিভিন্ন ভাষা কোর্সে ভর্তি প্রক্রিয়া শুরু হয়েছে। ভাষা শিক্ষায় আগ্রহীদের জন্য ভাই আজ থাকছে আধুনিক ভাষা ইনস্টিটিউটে ভর্তির বিস্তারিত তথ্য।

যে সব ভাষা পেশানো হয় আধুনিক ভাষা ইনস্টিটিউটে বর্তমানে বাংলা, ইংরেজী, আরবী, চীনা, ফরাসী, জার্মান, জাপানী, ফার্সী, রুশ, তুর্কী, স্প্যানিশ ও কোরিয়ান ভাষায় জুনিয়র, সিনিয়র, ডিপ্লোমা ও উচ্চতর ডিপ্লোমা কোর্স চালু রয়েছে। প্রতিটি কোর্স এক বছর স্থায়ী হবে।

ভর্তির যোগ্যতা

এই ইনস্টিটিউটের যে কোন (ইংরেজী ছাড়া) ভাষা কোর্সে ভর্তির জন্য আবেদনকারীকে উচ্চ মাধ্যমিক বা সমমানের অন্য কোন পরীক্ষায় উত্তীর্ণ বাংলাদেশী নাগরিক হতে হবে। তবে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় যে কোন একটিতে বা সমমানের কোন পরীক্ষায় দ্বিতীয় বিভাগ থাকতে হবে।

ভর্তির বিশেষ শর্ত

ক. ইংরেজী : ঢাকা বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত ছাত্রছাত্রীরাই শুধু ইংরেজী কোর্সে ভর্তির জন্য আবেদন করতে পারবেন।

খ. বাংলা : মাতৃভাষা বাংলা নয়- এমন যে কেউ বাংলা জুনিয়র কোর্সে ভর্তির জন্য আবেদন করতে পারবেন। বিদেশী নাগরিকরা ভর্তির আবেদন করার পূর্বে অবশ্যই গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয় থেকে ইনস্টিটিউটে অধ্যয়নের জন্য প্রয়োজনীয় অনুমতিপত্র সংগ্রহ করতে হবে।

গ. আরবী : মাদ্রাসা থেকে দাখিল ও আলিম পাস ছাত্রছাত্রীরা আরবী জুনিয়র/সিনিয়র কোর্সে ভর্তির জন্য আবেদন করতে পারবেন। তবে সিনিয়র কোর্সে ভর্তির জন্য আবেদনকারীকে বিশেষ প্রেসমেন্ট টেস্টে অংশগ্রহণ করতে হবে।

ঘ. উচ্চতর কোর্স : সিনিয়র, ডিপ্লোমা ও উচ্চতর ডিপ্লোমা কোর্সে ভর্তি হতে হলে এর পূর্ববর্তী পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। বিশেষ ক্ষেত্রে প্রার্থীকে সংশ্লিষ্ট ভাষায় তাদের যোগ্যতার ভিত্তিতে পরীক্ষা গ্রহণের মাধ্যমে সিনিয়র বা ডিপ্লোমা

ছাত্রছাত্রীদের ক্ষেত্রে সার্টিফিকেটের কপি প্রদান করতে হবে না। তবে আবেদনপত্র ব হ বিভাগীয় চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত হতে হবে।

৪. আবেদনপত্রটি যথাযথভাবে পূরণ করে আগামী ৮ জুন, ২০০২ ইং



ভাষা শিক্ষার আধুনিক ভাষা ইনস্টিটিউট

কোর্সে ভর্তির সুযোগ দেয়া যেতে পারে।

ভর্তি ফরম গ্রহণ ও জমা

১. ২০ মে, ২০০২ তারিখ থেকে ৮ জুন, ২০০২ তারিখ পর্যন্ত জনতা ব্যাংক, টিএসসি শাখা থেকে ১৫০ টাকার বিনিময়ে জুনিয়র কোর্সে ভর্তির আবেদনপত্র সংগ্রহ করতে হবে।

২. আবেদনপত্রের সঙ্গে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষা বা সমমানের অন্য কোন পরীক্ষা পাসের সার্টিফিকেট/ মার্কশীটের সত্যায়িত ফটোকপি এবং ২ কপি সত্যায়িত ছবি সংযোজিত করতে হবে।

৩. ঢাকা বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত

তারিখের মধ্যে একই ব্যাংকে (টিএসসি) জমা দিয়ে ভর্তি পরীক্ষার প্রবেশপত্র সংগ্রহ করতে হবে।

৫. সিনিয়র ও উচ্চতর কোর্সে ভর্তি ফরম বিতরণের তারিখ যথাসময়ে জানানো হবে।

ভর্তি পরীক্ষা

সকল আবেদনকারীর জন্যই ভর্তি পরীক্ষা প্রযোজ্য। তবে কোন ভাষায় আসন সংখ্যার তুলনায় প্রার্থীসংখ্যা কম হলে ভর্তিছু ছাত্রছাত্রীদের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ নাও করতে হতে পারে।

শামীম রেজা